# 2021

## ( Held in 2022 )

## BENGALI

Paper : BEN–SE–3014

( Skill Enhancement Course )

*Full Marks* : 50

*Time* : 2 hours

*The figures in the margin indicate full marks for the questions*

[ 'পাণ্ডুলিপি প্রস্তুতি' অথবা 'অনুবাদ চর্চা'-র মধ্যে যে কোনো একটি অংশ থেকে উত্তর লিখতে হবে ]

## OPTION—A

### ( পাণ্ডুলিপি প্রস্তুতি )

১। নিম্নলিখিত প্রশ্নগুলোর নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) pdf শব্দটির সম্পূর্ণ রূপ কী?

(খ) সাধারণত কোন্ ইংরেজি শব্দ পাণ্ডুলিপির প্রতিশব্দ হিসাবে ব্যবহৃত হয়?

(গ) পাণ্ডুলিপির খসড়া লেখন স্তরটি কতগুলো উপস্তরে বিভাজিত?

(ঘ) পাদটীকা বা নির্দেশিকা পদ্ধতিতে উৎস পরিচায়ক তথ্য গঠনে সবচেয়ে শেষে কোন্ তথ্য দিতে হয় ?

(ঙ) একই গ্রন্থের একই পৃষ্ঠা থেকে একাধিকবার তথ্য উল্লেখ করা হলে, দ্বিতীয় ব্যবহার থেকে একাদিক্রমে যতবার ব্যবহৃত হবে ততবার তথ্যসূত্র সংক্ষেপ করে কী লিখতে হবে ?

(চ) "সংবাদপত্র থেকে উল্লেখসূত্র নির্মাণ করার সময় পত্রিকার প্রকাশ তারিখ দেবার পর সংস্করণ তথ্য দিতে হয়।" মন্তব্যটি ভুল না শুদ্ধ, লেখো।

(ছ) যখন দুটি পরপর লেখা বাক্যের মধ্যে ঘনিষ্ঠ অর্থগত যোগ থাকে, সম্বন্ধ বৈপরীত্যমূলক বা একটি অন্যটির ওপর নির্ভরশীল হয়, তখন সেখানে কোন্ বিরামচিহ্ন বসে ?

(জ) পেজমেকার ডকুমেন্ট-এ 'বুলেট' চিহ্নটি দিতে কী-বোর্ডের কতগুলো 'কী' ব্যবহার করতে হয় ?—২/১/৪/৩।

(শুদ্ধ উত্তরটি বেছে লেখো)

(ঝ) মাইক্রোসফট্ ওয়ার্ড-এ ctrl + shift + F কী-গুলো একসঙ্গে চাপলে কোন্ ডায়ালগ বক্স প্রদর্শিত হয় ?

(ঞ) রিবন ট্যাব-এর প্রথম কমান্ডটির নাম কী ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) পাণ্ডুলিপি লেখার যে কোনো দুটি পর্যায়ের নাম লেখো।

(খ) আন্তর্জাতিকভাবে প্রচলিত যে কোনো দুটি তথ্যসূত্র নির্মাণের পদ্ধতির নাম লেখো।





(গ) কোনো গ্রন্থে একাধিক লেখক থাকলে সূত্রনির্দেশ সংক্ষেপ করে কী কী লেখা যায় ?

(ঘ) দুটি প্রান্তিক বিরামচিহ্নের নাম লেখো।

(ঙ) কোন্ দুটি 'কী' ব্যবহার করে একটি ওয়ার্ড ডকুমেন্ট সংরক্ষণ (save) করা যায় ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো **চারটি**) : ৫×৪=২০

(ক) পাদটীকা/নির্দেশিকা এবং গ্রন্থপঞ্জির মধ্যে মিল-অমিল কোনগুলো তা বুঝিয়ে দাও।

(খ) পাণ্ডুলিপি শব্দটির উৎস সম্বন্ধে যা জানো লেখো। একে পাণ্ডুলিপি বলার কারণ কী? আধুনিক কালে পাণ্ডুলিপি কাকে বলা হবে ? ২+১+২=৫

(গ) পুনরীক্ষণ পর্যায়ে লেখকের কাজ কী কী, লেখো।

(ঘ) মাইক্রোসফট্ ওয়ার্ড ডকুমেন্ট-এ 'কপি-কাট-পেস্ট' কাজগুলো কী-বোর্ড এবং মাউস ব্যবহার করে কীভাবে করা যায়, লেখো।

(ঙ) পেজমেকারের টুলবার থেকে 'লাইন টুল'-এর ব্যবহারগুলো উল্লেখ করো।

(চ) মাইক্রোসফট্ ওয়ার্ড ডকুমেন্ট-এ কতগুলো 'রিবন ট্যাব' দেখা যায়? 'ফন্ট' কমান্ডটি কোন্ ট্যাবে থাকে? এই 'ফন্ট' কমান্ড গ্রুপে কী কী কাজ করা যায়, লেখো।

৪। নিম্নলিখিত যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) পাণ্ডুলিপি প্রস্তুতির বিভিন্ন পর্যায় সম্বন্ধে যা জানো লেখো।

(খ) কমা ও সেমিকোলন চিহ্নের ব্যবহার সম্বন্ধে উদাহরণসহ আলোচনা করো।

(গ) মাইক্রোসফট্ ওয়ার্ড-এর রিবন ট্যাব থেকে 'ইনসার্ট' অথবা 'পেজ লে-আউট' কমান্ডের অন্তর্গত বিভিন্ন কাজগুলো কী কী তা বুঝিয়ে দাও।





OPTION—B

( অনুবাদ চর্চা )

১। নিম্নলিখিত বিকল্প সমন্বিত প্রশ্নগুলোর শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) জর্জ স্টেনার অনুবাদ চর্চার ইতিহাসকে কতগুলো যুগে ভাগ করেছেন?

২ / ৩ / ৪ / ৫

(খ) বিদ্যাসাগর রচিত 'ভ্রান্তিবিলাস' কোন্ গ্রন্থের অনুবাদ বলে মনে করা হয়?

'দি কমেডি অফ হিউমারস্' / 'মার্ডার ইন দি ক্যাথিড্রাল' / 'দি কমেডি অফ এররস্' / 'দি কমেডি অফ মার্টিয়ারস্'

(গ) বাংলা অনুবাদ সাহিত্যে ব্যাপকতম বিকাশ কোথায় ঘটেছে?

কবিতায় / গল্পে / উপন্যাসে / নাটকে

(ঘ) রোমান ইয়াকবসন (Roman Jakobson)-এর ধারণা অনুযায়ী অনুবাদের ধরন কতগুলো?

২ / ৩ / ৪ / ৫

(ঙ) বুদ্ধদেব বসু সরাসরি কোন্ ভাষা থেকে শার্ল বোদলেয়ারের কবিতা বাংলায় অনুবাদ করেন?

ফরাসি / ফারসি / লাতিন / ইংরেজি

(চ) চার্চের প্রয়োজনে গ্রিক ভাষায় লিখিত 'বাইবেল' কোন্ ভাষায় অনুবাদ করা হয়েছিল?

আরবি / লাতিন / ভালগেইট / সংস্কৃত

(ছ) স্পেনের কোন্ শহরে শুধু অনুবাদ কর্মের জন্য ১১৩০ খ্রিস্টাব্দে একটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছিল?

করদোবা / টলেডো / গ্রানাডা / মাদ্রিদ

(জ) বিদেশী কবিতার অনুবাদে কোন্ বাঙালি কবি কুড়ি শতকের প্রথম ও দ্বিতীয় দশকের অগ্রগণ্য অনুবাদক হিসাবে পরিচিতি পেয়েছিলেন?

সত্যেন্দ্রনাথ দত্ত / রমেশচন্দ্র সেন / রবীন্দ্রনাথ ঠাকুর / কামিনী রায়

(ঝ) 'Colloquial' শব্দটির যথার্থ বাংলা প্রতিশব্দ কী?

কলকলি / কথাকলি / কল্লোল / কথ্য

(ঞ) অসমীয়া 'পোহৰ' শব্দটি বাংলা ভাষান্তরে কী হবে?

দীপ্তি / প্রহর / প্রহার / আলোকচিত্র

২। নিম্নলিখিত প্রশ্নগুলোর সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ভাষা-সংযোগী অনুবাদের প্রকারভেদ কয়টি? যে কোনো একটি প্রকারের নাম লেখো।

(খ) পিটার নিউমার্ক তাঁর *A Textbook of Translation* গ্রন্থে যে আট রকম অনুবাদ প্রক্রিয়ার কথা লিখেছেন তার যে কোনো দুটির নাম লেখো।

(গ) অনুবাদ প্রসঙ্গে যে দুটি ভাষা (text)-র কথা আসে তাদের নাম লেখো।





(ঘ) নিম্নলিখিত অনুবাদ-গ্রন্থ দুটি কোন্ কোন্ ভাষা থেকে বাংলায় অনূদিত হয়েছে?

১. 'সতীময়না'— দৌলত কাজী

২. 'শকুন্তলা'— ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(ঙ) 'অনুপমাৰ চিলমিলকৈ টোপনি আহিছিল'—নিম্নরেখ শব্দ দুটির যথার্থ বঙ্গানুবাদ কী, লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'শকুন্তলা' গ্রন্থে বিদ্যাসাগর অনুবাদের যে প্রকৃতি অনুসরণ করেছিলেন সে বিষয়ে যা জানো সংক্ষেপে লেখো।

(খ) সার্থক অনুবাদকের যে গুণগুলো থাকা উচিত তা লেখো।

(গ) ভাবানুবাদ কাকে বলে তা একটি উদাহরণ দিয়ে বোঝাও।

(ঘ) আন্তঃভাষিক (Intralingual) অনুবাদ কী, লেখো।

(ঙ) টীকা লেখো :

'আক্ষরিক অনুবাদ' অথবা 'আন্তর্ভাষিক অনুবাদ'।

(চ) বাংলা অনুবাদ সাহিত্যের বিভিন্ন স্তরের মধ্যে ফোর্ট উইলিয়ম পর্বের অনুবাদ কর্মের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) অনুবাদ ও অনুসৃষ্টির মধ্যে পার্থক্য কোথায় তা বিশ্লেষণ করো।

(খ) অনুবাদের সমস্যাগুলো কী কী তা বুঝিয়ে লেখো।

(গ) বঙ্গানুবাদ করো : ৫+৫=১০

১. "Partition has been demanded where at least two ethnic groups engage in armed conflict for possession of a particular territory".

২. ''আনহাতে সাহিত্যিক পাঠ বা সৃষ্টিশীল লেখাৰ অনুবাদৰ ক্ষেত্ৰত আৰু বিশেষকৈ কবিতাৰ ক্ষেত্ৰত অনুবাদৰ একক সম্পৰ্কে বহু কথাই আগতীয়াকৈ কৈ দিয়া সম্ভৱ নহয়। কেতিয়াবা হয়তো একোটা বা একাধিক শাৰীও অনুবাদৰ গোট হ'ব পাৰে :

হাতত ল'লেই
উমাল চকুলোত মিলি হেৰাই যাব
শৰতৰ হিম''

★★★